


W.B. HUMAN RIGHTS
COMMISSION
KOLKATA-27

File No. 10/WBHCRC/SMC/2019


Date: 21. 01. 2019

Enclosed is the news clipping appeared in the 'Ananda Bazar Patrika', a Bengali daily dated 21. 01. 2019, the news item is captioned 'শবর বধুকে গণধর্ষণের অভিযোগ, গ্রেফতার ৪'


Superintendent of Police, Purulia is directed to enquire into the matter and to furnish a report by 5th February, 2019.



(Justice Girish Chandra Gupta)
Chairperson



21/1/2019
(Naparajit Mukherjee)
Member



(M.S. Dwivedy)
Member

শবর বধুকে গণধর্ষণের অভিযোগ, গ্রেফতার ৪

নিজস্ব সংবাদদাতা

পুষ্কা: মেলা থেকে ফেরার সময় রাস্তা আটকে এক শবর মহিলাকে গণধর্ষণের অভিযোগ উঠল পুরুলিয়ার পুষ্কায়। ‘মারধর’ করা হয় বধুটির সঙ্গীকেও। মহিলার অভিযোগের ভিত্তিতে পুলিশ ওই এলাকার চার যুবককে গ্রেফতার করেছে। ধৃতেরা হল সন্দীপ ওরফে মাতাল মাহাতো, অভিজিৎ মাহাতো, দীপক মাহাতো ও অমিত মাহাতো। তাদের বাড়ি পুষ্কা থানা এলাকায়। বয়স ১৯ থেকে ২৫-এর মধ্যে। আর এক জনের খোঁজ চলছে। অভিযুক্তদের আজ, সোমবার পুরুলিয়া আদালতে তোলা হবে। রবিবার পুরুলিয়া সদর হাসপাতালে ওই মহিলাকে নিয়ে গিয়ে ডাক্তারি-পরীক্ষা করানো হয়। পুলিশ সুত্রের দাবি, পরীক্ষায় ধর্ষণের প্রাথমিক প্রমাণ পাওয়া গিয়েছে।

জেলার পুলিশ সুপার আকাশ মাঘারিয়া বলেন, “অভিযুক্তদের মধ্যে এক জনকে মহিলা চেনেন না। তারও খোঁজ চলছে।”

শনিবার সন্ধ্যায় স্বামী ও দুই সন্তানকে নিয়ে বাড়ি থেকে তিন কিলোমিটার দূরে মেলায় গিয়েছিলেন ওই বধু। পরে সন্তানদের নিয়ে বাড়ি ফিরে যান তাঁর স্বামী। রাত ১২টা নাগাদ গ্রামেরই পরিচিত এক জনের মোটরবাইকে চেপে মেলা চত্বর থেকে বাড়ি ফিরছিলেন বছর বত্রিশের ওই মহিলা। অভিযোগ, মাঝ রাস্তায় পিছন থেকে তিনটি মোটরবাইকে চার যুবক এসে রাস্তা আটকে তাঁদের থামতে বাধ্য করে। মোটরবাইকের চালককে মারতে মারতে রাস্তায় ফেলে দেয়। বধুটিকে পাশের মাঠে টেনে নিয়ে গিয়ে গণধর্ষণ করে।

বধুটির কথায়, “চারটে ছেলে আমার পরিচিত। এক জনকে চিনি না। ওদের মুখ থেকে মদের গন্ধ বেরোচ্ছিল। আমাকে ছেড়ে দেওয়ার জন্য ওদের হাতে-পায়ে ধরি। কাকুতি-নতি করি। শুনল না!”

ইতিমধ্যে ‘আক্রান্ত’ মোটরবাইক চালক গ্রামে ও থানায় খবর দেন। পুলিশ পৌঁছে ওই বধুকে উদ্ধার করে। ওই তিনি থানায় লিখিত অভিযোগ দান। বধুটির স্বামী বলেন, “যারা মন করল, তারা যেন শাস্তি পায়।”

A
ফ
ভা
ডে